

তারিখ 04 SEP 1987
 পৃষ্ঠা... ১... কলাম... ৪...

**চাঁপাইনবাবগঞ্জ কলেজে
 দু'টি ছাত্র সংগঠনের
 সংঘর্ষ ॥ অধ্যক্ষ প্রত্যুত**

চাঁপাইনবাবগঞ্জ, ৩রা সেপ্টেম্বর (নিজস্ব সংবাদপত্রের ফোন)।—আজ চাঁপাইনবাবগঞ্জ সরকারী কলেজের নব-নির্বাচিত ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠানকে কেন্দ্র করে দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সংঘর্ষ, ধাওয়া ও পাচ্চা ধাওয়ায় কলেজের অধ্যক্ষ সহ ৩ জন শিক্ষক প্রহৃত হন এবং রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের গাড়ীতে আঘাত ধরিয়ে দেয়া হয়। অধ্যক্ষের কক্ষগৃহ কয়েকটি স্বাভাবিক মঙ্গলের কার্যালয় তছনছ করা হয় এবং এক পত্রিকা হকারের কাগজপত্র লুট হয়।

ছাত্র সংসদের অভিষেক অনুষ্ঠান শুরু হবার পর পরই কলেজ প্রাঙ্গণে দু'টি ককটেল বিস্ফোরিত হলে অভিষেক অনুষ্ঠান তড়িৎ করে শেষ করা হয়। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের উপাচার্য এন এ বকীর অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন।

অভিষেক অনুষ্ঠানে বিবদমান দু'টি ছাত্র সংগঠন মারাত্মক অস্ত্রশস্ত্র নিয়ে ধাওয়া-
 (শেষ পৃ: ৬-এর ক: ৪:)